## বাগাতিপাড়া উপজেলা পরিষদের জানুয়ারি/২০২২ মাসে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মোঃ অহিদুল ইসলাম গকুল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগাতিপাড়া, নাটোর।

স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, বাগতিপাড়া, নাটোর।

তারিখ ঃ ১৩.০১.২০২২ খ্রিঃ সময়- সকাল ১১.৩০ টা।

উপস্থিত সদস্য-পরিশিষ্ট 'ক' অনুপস্থিত সদস্য-পরিশিষ্ট 'খ'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং উপজেলা পরিষদের সাধারণ সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। সভাপতির আহবানের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার ডিসেম্বর/২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভিন্ন বিভাগের কার্যক্রমের উপর আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

### ০১. উপজেলা প্রকৌশল দপ্তর ঃ

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের জানুয়ারি/২২ মাসের কার্যক্রম সংক্রান্ত আলোচনা। | ক. উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি) এর আওতায় ১ম কিস্তিতে ২৩.৩৯ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। সম্ভাব্য ৪ কিস্তির সমপরিমাণ বরাদ্দ ধরে সংশ্লিষ্ট সকলকে আগমী ৭ দিনের মধ্যে প্রকল্প দাখিল করার জন্য অনুরোধ করা হলো। | ক. বিস্তারিত আলোচনান্তে জনপ্রতিনিধিগণ ও সংশ্লিষ্ট সকলকে দ্রুত সময়ের মধ্যে প্রকল্প দাখিল করার জন্য অনুরোধ করা হলো। এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালচনার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | ক. উপজেলা প্রকৌশলী, বাগাতিপাড়া, নাটোর। |
| | খ. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার/জাইকা সংক্রান্ত আলোচনা | খ. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউ.ডি.এফ) বাগাতিপাড়া সভায় জানান যে, উপজেলা পরিচালর ও উন্নয়ন প্রকল্পের আওতায় যাবতীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | খ.(১) বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউ.ডি.এফ) বাগাতিপাড়া অনুরোধ করা হলো। | খ. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউ,ডি,এফ) বাগাতিপাড়া,নাটোর। |

### ০২.উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ দপ্তর ঃ

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০২ | স্বাস্থ্য বিষয়ক জানুয়ারি/২২ মাসের কার্যক্রম সংক্রান্ত আলোচনা | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | পরবর্তী সভায় বিভাগীয় কর্মপত্র সহ উপস্থিত থাকার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, বাগাতিপাড়া নাটোর। |

### উপজেলা কৃষি দপ্তর ঃ

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৩ | উপজেলা কৃষি অফিস কর্তৃক জানুয়ারি/২২ মাসে কার্যক্রম সংক্রান্ত আলোচনা | ক. আলোচনা কালে উপজেলা কৃষি অফিসার জানান যে, অত্র উপজেলায় রবি মৌসুমে গম আবাদ হয়েছে ৪,৯৭৫ হেঃ মসুর ১,৩৪০ হেঃ, সরিষা ৩৫৫ হেঃ, রসুন ১,০৫০ হেঃ, পেঁয়াজ (কন্দ) ৯৫ হেঃ, পেঁয়াজ (চারা) ৭৫ হেঃ, ও বোরো ধানের আবাদ ৭০ হেঃ হয়েছে। বোরো ও পেঁয়াজ (চার) আবাদ চলমান আছে। কৃষি প্রণোদনার আওতায় রবি/২০২০-২০২১ মৌসুমে বিনামূল্যে কৃষকের মাঝে গম, ভূট্টা, সরিষা, পেঁয়াজ, মুগ ও বোরো ফসলের বীজ ও সার বিতরণ করা হয়েছে। ৭০% ভর্তুকীতে আরডিএডিবি প্রকল্পের মাধ্যমে ৩৫টি ভূট্টা মাড়াই যন্ত্র ও ২২টি গার্ডেন টিলার বিতরণ করা হয়েছে। উপজেলায় রাসায়নিক সার এর মজুদ নিম্নরুপঃ ইউরিয়া সার ১৬১ মেঃ টন, টিএসপি সার ৭৪ মেঃ টন, ডিএপি সার ১৮৮ মেঃ টন, এম ও পি সার ৫৯ মেঃ টন। সারের বিতরণ ও মজুদ পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে তিনি জানান। | ক. বিস্তারিত আলোচনান্তে সার্বক্ষনিক সার মনিটরিং সহ দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হলো। | ক. উপজেলা কৃষি অফিসার, বাগাতিপাড়া নাটোর। |

### ০৪. উপজেলা প্রাণি সম্পদ দপ্তর ঃ

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৪ | উপজেলা প্রাণি সম্পদ অধিদপ্তর কর্তৃক জানুয়ারি/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত আলোচনা | উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান যে, পাশ্ববর্তী উপজেলা হতে অসুস্থ্য গবাদি পশু জবাই করে এই উপজেলায় নিয়ে এসে বিক্রয় করে । তাই সে দিকে নজর রাখার জন্য সকলের প্রতি অনুরোধ রাখেন। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে সকল কার্যক্রম যথাযথভাবে পরিচালনার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, বাগাতিপাড়া নাটোর। |

অপর পাতা/২

**০৫. উপজেলা মৎস্য দপ্তর ঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৫ | উপজেলা মৎস্য অধিদপ্তর কর্তৃক জানুয়ারি/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত আলোচনা | আলোচনা কালে উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, জাটকা সংরক্ষণ অভিযান- ২০২১-২০২২ ( ০১ নভেম্বর-২০২১ খ্রিঃ থেকে জুন ২০২২ খ্রিঃ- কার্যক্রম যথাযথ ভাবে চলছে। বাগাতিপাড়া উপজেলায় বাজারগুলোতে তদারকি করে কোন জাটকা পাওয়া যায়নি। অফিসে আগত মৎস্য চাষীদের পুকুরে পানি পরীক্ষাপূর্বক পরামর্শ প্রদান করা হয়েছে। এছাড়াও চাষীদের পুকুর পরিদর্শন, পরামর্শ প্রদান ও ঋণ আদায়ের তাগাদা ও আদায় কার্যক্রমের পাশাপাশি দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা, বাগাতিপাড়া নাটোর |

**০৬. উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর ঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৬ | উপজেলা পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক জানুয়ারি/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের যাবতীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, বাগাতিপাড়া নাটোর । |

**০৭. উপজেলা সমাজসেবা দপ্তর ঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৭ | উপজেলা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক জানুয়ারি/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত আলোচনা | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ্য মহিলা ভাতা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা জিটুপি পদ্ধতিতে ১ম কিস্তির (জুলাই-ডিসেম্বর) পে-রোল প্রেরণ করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তির অর্থ জিটুপি পদ্ধতিতে ১ম কিস্তির (জুলাই-সেপ্টেম্বর) পে-রোল প্রেরণ করা হয়েছে। উপজেলা সমাজসেবা অফিসার আলোচনাকালে জানান যে, ঋণ আদায়ের কার্যক্রম চলমান আছে। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সমাজ সেবা অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা অফিসার, বাগাতিপাড়া নাটোর । |

**০৮. উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর ঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৮ | উপজেলা পল্লী উন্নয়ন দপ্তরের জানুয়ারি/২২ মাসের কার্যক্রম সংক্রান্ত আলোচনা | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সভায় জানান যে, করোনাকালীন সময়ে তাঁর বিভাগের ঋণ কার্যক্রম স্বাভাবিক গতি হারিয়েছে। চারটি প্রকল্প চলমান আছে। ২০২১-২২ অর্থ বছরে ডিসেম্বর/২০২১ খ্রিঃ মাস পর্যন্ত প্রকল্প সমূহ হতে ০.৫৪ লক্ষ টাকা সঞ্চয় আদায় হয়েছে। ঋণ বিতরণ হয়েছে ২০.৩২ লক্ষ টাকা এবং মাঠ থেকে ঋণ আদায় হয়েছে ২৮.২৯ লক্ষ টাকা। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে ঋণ আদায় কার্যক্রম জোরদারসহ দাপ্তরিক কার্যক্রম যথাযথ ভাবে পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হলো। | পল্লী উন্নয়ন অফিসার বাগাতিপড়া, নাটোর |

**০৯. উপজেলা প্রাথমিক শিক্ষা দপ্তরঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের জানুয়ারি/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ০১ লা জানুয়ারি হতে ভর্তি কার্যক্রম শুরু হবে এক্ষেত্রে জন্ম নিবন্ধন প্রয়োজন। জন্ম নিবন্ধন ছাড়া কোন ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে না। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা অফিসার বাগাতিপাড়া নাটোর। |

**১০. উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তরঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের জানুয়ারি/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত সংক্রান্ত আলোচনা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, নতুন বছরে বই বিতরণ খুব গুরুত্বপূর্ণ বিষয়। ৫০% বই এসেছে এবং তা বিতরণ করা হয়েছে। ১২-১৮ বছর বয়সী মাধ্যমিক শিক্ষার্থীদে কোভিড-১৯ টিকা কার্যক্রম চলছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হলো | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বাগাতিপাড়া নাটোর |

**১১. উপজেলা যুব উন্নয়ন দপ্তরঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১১ | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক জানুয়ারি/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, আত্নকর্মসংস্থানঃ ক্রমপুঞ্জিত প্রশিক্ষণের সংখ্যা ৬,০৭৯ জন, চলতি অর্থ বছরে আত্নকর্মসংস্থানের সংখ্যা ০৫ জন, ক্রমপুঞ্জিত আত্নকর্মসংস্থানের সংখ্যা ৪,৮৯০ জন, যুব ঋণ বরাদ্দ ৩৮,১৭,০০০/-টাকা, চলতি অর্থ বছরে বিতরণ ৫,৮৫,০০০/-টাকা, ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ৩,৩১,৮৭,০০০/-টাকা, বিতরণযোগ্য ব্যাংক স্থিতি ১৭,৭৩,৭১৪/৩৮ টাকা, মোট ঋণ তহবিল ৭৪,৭৭,৪১৭/৩৮ টাকা, উত্তরবঙ্গ প্রকল্পঃ ক্রমপুঞ্জিত প্রশিক্ষণের সংখ্যা ১৪২৫ জন, যুব ঋণ বিতরণ ১,১৯,১২,৬২৯/৫৫ টাকা, ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১,৩১,১৫,৭৭৫/-টাকা, ক্রমপুঞ্জিত আদায়যোগ্য টাকার পরিমাণ ১,০৮,১৭,৫৫৩/-টাকা, মোট ঋণ সংখ্যা ৪৬১ জন, ইম্প্যাক্ট প্রকল্পঃ পরিবার জরিপের সংখ্যা ২০২১ জন, ক্লাব গঠন ১৩ টি, বরাদ্দকৃত ঋণের পরিমাণ ১,২৪,০০,০০০/-টাকা, মোট ঋণ সংখ্যা ৮১৪ জন। এছাড়া দাপ্তিরর কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে ঋণ আদায় কার্যক্রম জোরদারসহ দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন অফিসার বাগাতিপাড়া নাটোর । |

অপর পাতা/৩

**১২. উপজেলা খাদ্য দপ্তরঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১২ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক জানুয়ারি/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত আলোচনা | আলোচনা কালে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, খাদ্য দ্রব্যেও সরবরাহ ও মজুদ পরিস্থিতির বিবরণঃ বিবেচ্য পক্ষ চাল ২৮৯.৭৩৭ মেঃ টন, গত পক্ষ ২৮৯.৭৩৭ মেঃ টন, গম বিবেচ্য পক্ষ ১৮০.৭৭২ মেঃ টন, গত পক্ষ ১৮০.৭৭২ মেঃ টন, খালি বস্তা বিবেচ্য পক্ষ ১৯,৫০৫ টি, গত পক্ষ ১৯,৫০৫ টি, খাদ্য দ্রব্যসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্যের বিবরণঃ চাল মোটা ৪০-৪৫/-টাকা, চাল চিকন ৬০-৬২/-টাকা আটা খোলা ৩০-৩৫/-টাকা, আটা প্যাকেট ৩৫-৩৬/-টাকা, সয়াবিন খোলা ১৪০/-টাকা, সয়াবিন বোতল ১৬০/-টাকা, চিনি ৮০/-টাকা, ডাল-১০০/-টাকা। এছাড়া অন্যন্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বাগাতিপাড়া নাটোর । |

**১৩. উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা দপ্তরঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৩ | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক জানুয়ারি/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত আলোচনা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার সভায় জানান যে, তাঁর দপ্তরের যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বাগাতিপাড়া, নাটোর |

**১৪. উপজেলা মহিলা বিষয়ক দপ্তরঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৪ | উপজেলা মহিলা বিষয় দপ্তর কর্তৃক জানুয়ারি/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত আলোচনা | আলোচনাকালে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, কর্মজীবি ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচির আওতায় বাগাতিপাড়া পৌরসভা থেকে নির্বাচিত উপকারভোগীদেও নিয়ে আগামী ২৪/০১/২০২২ খ্রিঃ "হেল্থ ক্যাম্প" অনুষ্ঠিত হবে। আই,জি,এ প্রশিক্ষণ প্রকল্পের আওতায় ১৩ তম ব্যাচে ২টি ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় বিশেষ সভার সিদ্ধান্ত মোতাবেক ৩টি ক্লাবের ক্লাস চলমান আছে। এছাড়া দাপ্তরির কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে জন্য উপজেলা মহিলা বিষয় কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বাগাতিপাড়া, নাটোর । |

**১৫. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর ঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৫ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক জানুয়ারি/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত আলোচনা | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য সভায় জানান যে, ভূমিহীন পরিবারকে ১ম পর্যায়ে টিউবওয়েল স্থাপনের কাজ শেষ হয়েছে। ২য় পর্যায়ের কাজ শীঘ্রই শুরু হবে। এছাড়া দাপ্তরিক যাবতীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) অধিদপ্তর, বাগাতিপাড়া, নাটোর |

**১৬. উপজেলা আনসার ও ভিডিপি অফিস ঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৬ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার কর্তৃক জানুয়ারি/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | পরবর্তী সভায় বিভাগীয় কর্মপত্র সহ উপস্থিত থাকার জন্য উপজেলা আনসার ও ভিডিপির কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা বাগাতিপাড়া, নাটোর। |

**১৭. উপজেলা সমবায় দপ্তরঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৭ | উপজেলা সমবায় অধিদপ্তর কর্তৃক জানুয়ারি/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত। | উপজেলা সমবায় অফিসার জানান যে, কেন্দ্রীয় সমিতি ০২টি, বিভাগীয় প্রাথমিকঃ ১২১, বিআরডিবি প্রাথমিকঃ ২৮৬টি, আবর্তক ঋণ বিতরণঃ ৫৬ জন সদস্যের মধ্যে ১,০০,০০০/-টাকা করে মোট ৫৬,০০,০০০/-টাকা আবর্তক ঋণ বিতরণ করা হয়েছে। সিভিডিপি প্রকল্পঃ ৬০ টি সমিতি গঠন করা হয়েছে। ৬০ জন গ্রাম কর্মী নিয়োগ করা হয়েছে। গ্রাম কর্মীর আগোষ্ট/২১ মাস পর্যন্ত ভাতা প্রদান করা হয়েছে। প্রশিক্ষণঃ আঞ্চলিক সমবায় শিক্ষায়াতন নওগাঁতে বিভিন্ন ট্রেডে সমবায়ীদের প্রশিক্ষণ দেয়া হয়। আলোচ্য মাসে ০৩ জন আইজিএ ইলেকট্রিক্যাল প্রশিক্ষণে মনোনয়ন করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে মর্মে জানান। | বিস্তারিত আলোচনান্তে সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় অফিসার, বাগাতিপাড়া নাটোর । |

**১৮. উপজেলা দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন ঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৮ | উপজেলা দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন কর্তৃক জানুয়ারি/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, বাগাতিপাড়া সভায় জানান যে, তাঁর দপ্তরের ডিসেম্বর/২০২১ মাসের কার্যক্রম যেমন- ক্ষুদ্র ঋণঃ মোট সমিতি ৭১টি, মোট সদস্য ১,৬৭৭ জন, ঋণী সদস্য ৯৮১ জন, ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১৩১৫.২৬ লক্ষ টাকা, আদায়ের হার ৯৫%। ক্ষুদ্র উদ্যোক্তা ঋণঃ মোট সদস্য ৭৭ জন, ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ৫৮৫.৪০ লক্ষ টাকা, আদায়ের হার ৯৩%। প্রশিক্ষণঃ নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ ৭৭৫ জন, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ গরু মোটাতাজাকরণ ২৫০ জন। গাভী পালন ২৭৫ জন শাক সবজি ২৫০ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা বাগাতিপাড়া,নাটোর। |

**১৯. উপজেলা বন সম্প্রসারণ দপ্তর ঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৯ | উপজেলা বন সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক জানুয়ারি/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত। | আলোচনা কালে উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের যাবতীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা বন সম্প্রসারণ কর্মকর্তা বাগাতিপাড়া নাটোর। |

**২০. উপজেলা তথ্যসেবা দপ্তর ঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২০ | উপজেলা তথ্যসেবা দপ্তরের জানুয়ারি/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত আলোচনা | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান যে, বাগাতিপাড়া পৌরসভার পেড়াবাড়ীয়া দাখিল মাদ্রাসায় ও পাঁকা ইউপির স্বরাপুর গ্রামে মোট ১০০ জন মহিলাদেকে নিয়ে উঠান বৈঠক সম্পন্ন হয়েছে এবং ১০০/-টাকা করে সম্মানী ভাতা প্রদান করা হয়েছে। এছাড়া দাপ্তরির কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা তথ্যসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, বাগতিপাড়া, নাটোর |

**২১. উপজেলা প্রকল্প(পজীপ) দপ্তর ঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২১ | উপজেলা প্রকল্প (পজীপ) অধিদপ্তর কর্তৃক জানুয়ারি/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত আলোচনা | উপজেলা প্রকল্প (পজীপ) কর্মকর্তা সভায় জানান যে, সমিতি গঠনের লক্ষ্যমাত্রা ১১৫ টি, অর্জিত হয়েছে ১১৫টি, হার ১০০%। মোট সদস্য ৩,৫৯৮ জন, সঞ্চয় আদায় ১৩.২৮ লক্ষ, ঋণ বিতরণ ২৪৯২.৮৯ লক্ষ টাকা। ঋণ আদায় ১১.৭৮ লক্ষ টাকা। ঋণ খেলাপী ৩৬.৪৬ লক্ষ টাকা। প্রশিক্ষণ (ক) সমবায় ব্যবস্থাপনা ১৬৩৪ জন এবং (খ) দক্ষতা উন্নয়ন ১১৫ জন। সর্বমোট আরএলএফ প্রাপ্তি ১০৫.০০, কুঋণ সমন্বয়ের পরিমাণ ৭২.০১, কুঋণ তহবিল হতে আদায় ২৮.০০, কুঋণ তহবিলের স্থিতি ৬.৬৪, স্থায়ী আমানতের পরিমাণ ৩৪.৮৫, শেয়ার আমানতের স্থিতি ৫.৩৮, সঞ্চয় আমানতের স্থিতি ১১.৭৮। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা প্রকল্প (পজীপ) কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প কর্মকর্তা, বাগাতিপাড়া, নাটোর। |

**২২. আমার বাড়ী আমার খামার ঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২২ | আমার বাড়ী আমার খামার দপ্তরের জানুয়ারি/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত আলোচনা | আমার বাড়ী আমার খামার এর উপজেলা সমন্বয়কারী সভায়, অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | পরবর্তী সভায় বিভাগীয় কর্মপত্র সহ উপস্থিত থাকার জন্য আমার বাড়ী আমার খামার এর উপজেলা সমন্বয়কারীকে অনুরোধ করা হলো। | উপজেলা সমন্বয়কারী বাগাতিপাড়া, নাটোর। |

**২৩. বাগাতিপাড়া সাবজোনাল অফিস, পল্লী বিদ্যুৎ সমিতি-১ঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২৩ | বাগাতিপাড়া সাবজোনাল অফিস, পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর জানুয়ারি/২২ মাসের কার্যক্রম সংক্রান্ত আলোচনা | এজিএম, বাগাতিপাড়া সাবজোনাল অফিস, পল্লী বিদ্যুৎ সমিতি-১ সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য এজিএম, বাগাতিপাড়া সাবজোনাল অফিস, পল্লী বিদ্যুৎ সমিতি-১ কে অনুরোধ করা হলো। | এজিএম, বাগাতিপাড়া সাবজোনাল অফিস, পল্লী বিদ্যুৎ সমিতি-১ |

**২৪. বাগাতিপাড়া পৌরসভা ঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২৪ | বাগাতিপাড়া পৌর সভার জানুয়ারি/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত | মেয়র, বাগাতিপাড়া পৌরসভা সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | পরবর্তী সভায় বিভাগীয় কর্মপত্র সহ উপস্থিত থাকার জন্য মেয়র, বাগাতিপাড়া পৌরসভাকে অনুরোধ করা হলো। | মেয়র, বাগাতিপাড়া পৌরসভা বাগাতিপাড়া, নাটোর। |

২৫. ইউনিয়ন পরিষদ ঃ

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২৫ | ক. পাঁকা ইউনিয়ন পরিষদ জানুয়ারি/২২ মাসের গৃহীত কার্যক্রম সংক্রান্ত | ক. চেয়ারম্যান, ১নং পাঁকা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | ক. দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ১নং পাঁকা ইউ,পি চেয়ারম্যানকে অনুরোধ করা হলো। | ক. চেয়ারম্যান, ১নং পাঁকা, ইউ,পি |
| | খ. জামনগর ইউনিয়ন পরিষদ জানুয়ারি/২২ মাসের গৃহীত কার্যক্রম সংক্রান্ত | খ. চেয়ারম্যান ২নং জামনগর সভায় তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | খ. দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ২নং জামনগর ইউ,পি চেয়ারম্যানকে অনুরোধ করা হলো। | খ. চেয়ারম্যান, ২নং জামনগর, ইউ,পি |
| | গ. বাগাতিপাড়া ইউনিয়ন পরিষদ জানুয়ারি/২২ মাসের গৃহীত কার্যক্রম সংক্রান্ত | গ. চেয়ারম্যান ৩নং বাগাতিপাড়া সভায় তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | গ. দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ৩নং বাগাতিপাড়া ইউ,পি চেয়ারম্যানকে অনুরোধ করা হলো। | গ. চেয়ারম্যান, ৩নং বাগাতিপাড়া ইউ,পি |
| | ঘ. দয়ারামপুর ইউনিয়ন পরিষদ জানুয়ারি/২২ মাসের গৃহীত কার্যক্রম সংক্রান্ত | ঘ. চেয়ারম্যান, ৪নং দয়ারামপুর ইউ,পি সভায় তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | ঘ. দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ৪নং দয়ারামপুর ইউ,পিকে চেয়ারম্যানকে, অনুরোধ হলো। | ঘ. চেয়ারম্যান, ৪নং দয়ারামপুর, ইউ,পি |
| | ঙ. ফাগুয়াড়দিয়াড় ইউনিয়ন পরিষদ জানুয়ারি/২২ মাসের গৃহীত কার্যক্রম সংক্রান্ত | ঙ. চেয়ারম্যান, ৫নং ফাগুয়াড়দিয়াড় সভায় জানান যে, তাঁর ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম যথানিয়মে পরিচালিত হচ্ছে কোন সমস্যা নাই। | ঙ. দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য চেয়ারম্যান, ৫নং ফাগুয়াড়দিয়াড়কে অনুরোধ করা হলো। | ঙ. চেয়ারম্যান, ৫নং ফাগুয়াড়দিয়াড় ইউ,পি |

২৬. কমিটির সুপারিশ সমূহ ঃ

| ক্রঃ নঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২৬ | কমিটির সুপারিশ : | উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে ৮টি এবং উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে ৯টি স্থায়ী কমিটির সভা গত ১২/০১/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে। সভা অনুষ্ঠানের ০৭ কার্যদিবসের মধ্যে রেজুলেশন প্রেরণ করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। | পরিষদ স্থায়ী কমিটির সভা অনুষ্ঠানের ০৭ কার্যদিবসের মধ্যে রেজুলেশন প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গৃহিত হলো। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান, বাগাতিপাড়া নাটোর। |

২৭. উপজেলা পরিষদের আয় ব্যয় নিয়ে আলোচনা ঃ

| ক্রঃ নঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২৭ | উপজেলা পরিষদের আয় ব্যয় সংক্রান্ত। | আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ও উন্নয়ন তহবিল নামে ০২টি ব্যাংক হিসাবের মাধ্যমে উপজেলা পরিষদের আর্থিক লেনদেন সম্পন্ন করা হয় । রাজস্ব তহবিল সোনালী ব্যাংক লিঃ, বাগাতিপাড়া শাখার চলতি হিসাব নং: ৪৯০২২০০০১০০৯১ তে ৩১.১২.২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট স্থিতি: ৮,৪৪,১১৮/৬৪ পয়সা এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল, জনতা ব্যাংক লিঃ,১ বাগাতিপাড়া শাখার চলতি হিসাব নং: ০০১০০৮১৭১ তে ৮২,৩২৮/- টাকা মাত্র। | আর্থিক বিধি বিধান অনুসরণ পূর্বক আর্থিক হিসাব পরিচালনা করার সিদ্ধান্ত গৃহিত হলো এবং প্রতি মাসের ১ম তারিখে পূর্ববর্তী মাসের ব্যাংক স্টেটমেন্ট সংগ্রহ করতে হবে। | সিএ, উঃ নিঃ অফিস, বাগাতিপাড়া নাটোর। |

২৮.বিবিধ ঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ২৮ | ক. উপজেলা পরিষদের বিজি-২/বি নং বাসার পয়ঃনিষ্কাশন মেরামত/সংস্কার | ক. চেয়ারম্যান, উপজেলা পরিষদ আলোচনাকালে জানান যে, উপজেলা পরিষদের বিজি-২/বি নং বাসার পয়ঃনিষ্কাশন ও মেরামত/সংস্কার কাজ জরুরীভাবে সম্পন্ন করে ২৫,০০০/-(ভাঃ নং-১) টাকার বিল ভাউচার দাখিল করা হয়েছে। উক্ত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের নিমিত্ত সভায় প্রস্তাব রাখেন। | ক. বিস্তারিত আলোচনান্তে দাখিলকৃত ২৫,০০০/- টাকার বিল অনুমোদিত হলো এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে উক্ত বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হলো। | ক. উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া নাটোর। |
| | খ. উপজেলা পরিষদ কর্মচারীদের সিপিএফ ফান্ডের বিল প্রদান। | খ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ আলোচনাকালে জানান যে, উপজেলা পরিষদের ৪ জন অফিস কর্মচারী, উপজেলা পরিষদ ম্যানুয়াল,২০১৩ অষ্টম অধ্যায় এর (৪৭) (২) বিধি মোতাবেক তাদের সিপিএফ ফান্ডে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে (জুলাই/২০২১ হতে ডিসেম্বর/২০২১ মাস পর্যন্ত) মূল বেতনের ১০% সমপরিমাণ হিসাবে সোনালী ব্যাংক, বাগাতিপাড়া শাখা, হিসাব নং-০০২০৯৯০০৪ তে ১০,৫১২/-টাকা, হিসাব নং-০০২০৯৮৯৯৩ তে ৮,৬৮২/-টাকা, হিসাব নং-৪৯০২৩০১০১১৩২২ তে ৬,৯৯০/-টাকা, এবং হিসাব নং-৪৯০২৩০১০১১৩২৩ তে ৬,৯৯০/-টাকা জমা প্রদানের জন্য বিল প্রস্তুতপূর্বক আবেদন করেছেন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উক্ত ৪ টি হিসাব নম্বরে পাওনা প্রদানের জন্য সভায় প্রস্তাব রাখেন। | খ. বিস্তারিত আলোচনান্তে উক্ত আবেদনের প্রেক্ষিতে সোনালী ব্যাংক, বাগাতিপাড়া শাখা, হিসাব নং-০০২০৯৯০০৪ তে ১০,৫১২/- টাকা, হিসাব নং-০০২০৯৮৯৯৩ তে ৮,৬৮২/-টাকা, হিসাব নং-৪৯০২৩০১০১১৩২২ তে ৬,৯৯০/- টাকা, এবং হিসাব নং-৪৯০২৩০১০১১৩২৩ তে ৬,৯৯০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে জমা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হলো । | খ. উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া নাটোর। |

অপর পাতা/৬

| | | | | |
|---|---|---|---|---|
| | গ. উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ের জন্য আসবাবপত্র ক্রয়। | গ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ আলোচনাকালে জানান যে, তাঁর নতুন দপ্তরের জন্য জরুরী ভিত্তিতে ১টি অফিসিয়াল টেবিল ক্রয় বাবদ ২৫,০০০/-টাকা (ভা নং-১) এবং ০৬টি চায়না রাউন্ড চেইন কুশন চেয়ার ক্রয় বাবদ ২৫,০০০(ভাঃ নং-২)টাকাসহ সর্বমোট ৫০,০০০/-টাকার বিল ভাউচার দাখিল করা হয়েছে। উক্ত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের নিমিত্ত সভায় প্রস্তাব রাখেন। | গ. বিস্তারিত আলোচনান্তে দাখিলকৃত ৫০,০০০/- টাকার বিল অনুমোদিত হলো এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩(ছ) মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে উক্ত বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হলো। | গ. উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া নাটোর। |
| | ঘ. উপজেলা পরিষদ ভাইসদের জন্য আসবাবপত্র ক্রয়। | ঘ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ আলোচনাকালে জানান যে, উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানদের জন্য জরুরী ভিত্তিতে ২টি অফিসিয়াল টেবিল ক্রয় বাবদ ২৫,০০০/-টাকা (ভা নং- ১) এবং ০৮টি সুইচ ভেল্ভ কুশন চেয়ার ক্রয় বাবদ ২৫,০০০(ভাঃ নং-২)টাকা এবং ৪টি কাঠের চেয়ার ক্রয় বাবদ ১৫,০০০/-(ভাঃ নং১ ৩) টাকাসহ সর্বমোট ৬৫,০০০/-টাকার বিল ভাউচার দাখিল করা হয়েছে। উক্ত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের নিমিত্ত সভায় প্রস্তাব রাখেন। | ঘ. বিস্তারিত আলোচনান্তে দাখিলকৃত ৬৫,০০০/- টাকার বিল অনুমোদিত হলো এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩(ছ) মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে উক্ত বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হলো। | ঘ. উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া নাটোর। |
| | ঙ. উপজেলা কমিটির সভাপতি পরিবর্তন সংক্রান্ত। | ঙ. আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, এপ্রিল/২০২১ খ্রিঃ মাসে মহিলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে ৮টি এবং উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে ৯টি উপজেলা কমিটি গঠন করা হয়েছে। উপজেলা পরিষদ ম্যানুয়াল, ২০১৩, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন (২৯) মোতাবেক কমিটির মেয়াদ সর্বোচ্চ দুই বছর ছয় মাস হইবে। সে মোতাবেক কমিটির মেয়াদ শেষ হওয়ায় ১৭টি উপজেলা কমিটির সকল সদস্যকে অপরিবর্তীত রেখে উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান, পুরুষ ভাইস চেয়ারম্যানের ৯টি কমিটির সভাপতির দায়িত্ব পালন করবেন এবং পুরুষ ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যানের ৮টি কমিটির সভাপতি হিসাবে দায়িত্ব পালন করবেন মর্মে সভায় প্রস্তাব রাখেন। | ঙ. বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ১৭টি কমিটির সকল সদস্যকে অপরিবর্তীত রেখে উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান ৮টি কমিটির পরিবর্তে ৯টি উপজেলা কমিটির সভাপতি হিসাবে দায়িত্ব পালন করবেন এবং পুরুষ ভাইস চেয়ারম্যান ৯টি উপজেলা কমিটির পরিবর্তে ৮টি কমিটির সভাপতি হিসাবে দায়িত্ব পালন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হলো। | ঙ. উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানগণ ও সংশ্লিষ্ট সকল অফিসার বাগাতিপাড়া, নাটোর। |
| | চ. উপজেলা পরিষদের বিজি-৩/ডি নং বাসার পয়ঃনিষ্কাশন মেরামত/সংস্কার | চ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ আলোচনাকালে জানান যে, উপজেলা পরিষদের বিজি-৩/ডি নং বাসার পয়ঃনিষ্কাশন ও মেরামত/সংস্কার কাজ জরুরীভাবে সম্পন্ন করে ২৫,০০০/-(ভাঃ নং-১) টাকার বিল ভাউচার দাখিল করা হয়েছে। উক্ত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের নিমিত্ত সভায় প্রস্তাব রাখেন। | চ. বিস্তারিত আলোচনান্তে দাখিলকৃত ২৫,০০০/- টাকার বিল অনুমোদিত হলো এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে উক্ত বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হলো। | চ. উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া নাটোর। |
| | ছ. উপজেলা পরিষদ কার্যালয়ের পয়ঃনিষ্কাশন। | ছ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ আলোচনাকালে জানান যে, তাঁর দপ্তরের টয়লেটের পয়ঃনিষ্কাশন কাজ জরুরীভাবে সম্পন্ন করে ২৫,০০০/-(ভাঃ নং-১) টাকার বিল ভাউচার দাখিল করা হয়েছে। উক্ত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের নিমিত্ত সভায় প্রস্তাব রাখেন। | ছ. বিস্তারিত আলোচনান্তে দাখিলকৃত ২৫,০০০/- টাকার বিল অনুমোদিত হলো এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে উক্ত বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হলো। | ছ. উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া নাটোর। |
| | জ. অপ্রত্যাশিত খাতে ব্যয়। | জ. উপজেলা নির্বাহী অফিসার আলোচনাকালে জানান যে, বাগাতিপাড়া উপজেলার নিম্নবর্ণিত ব্যাক্তিগণ পূনবার্সন, ঘূর্ণিঝড়, কাল বৈশাখী ঝড়, প্রাকৃতিক দূর্যোগ ইত্যাদিতে ক্ষতিগ্রস্ত হয়ে তাৎক্ষণিক অবস্থা মোকাবেলায় সরকারের কোন সাহায্য না পাওয়ায় আর্থিক সাহায্য প্রাপ্তির জন্য আবেদন করেছেন।<br>১। মোঃ রফিকুল ইসলাম, পিতা-মোনোহার, গ্রাম-বাজিতপুর<br>২। মোঃ রুবেল আলী, পিতা-মোনোহার, গ্রাম-বাজিতপুর<br>৩। মোঃ মোনোহার, পিতা- মোবারক, গ্রাম- বাজিতপুর<br>৪। মোঃ মুনছুর, পিতা- মোনোহার, গ্রাম-বাজিতপুর<br>৫। মোঃ আহাদ, পিতা জাবেদ, পিতা- হাসান(সান্টু), বাজিতপুর<br>৫। মোঃ জাহেদ, পিতা - হাসান(সান্টু), বাজিতপুর<br>৭। মোঃ বিরাজ, গ্রাম- বাজিতপুর<br>৮। জ্যোতি রাণী, পিতা- গোপাল চন্দ্র দাস, গ্রাম- বাগাতিপাড়া।<br>তিনি আরো জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০০৯ এর (ঘ) অনুচ্ছেদে অত্যাশিত খাতে যেমনঃ পূনবার্সন, ঘূর্ণিঝড়, কাল বৈশাখী ঝড়, প্রাকৃতিক দূর্যোগ, অগ্নিকান্ড ইত্যাদিতে ক্ষতিগ্রস্ত হয়ে তাৎক্ষনিক ভাবে ব্যয় নির্বাহের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে সহযোগিতা করার নির্দেশনা আছে। সে মোতাবেক উল্লেখিত ব্যাক্তিদের কিছু আর্থিক সাহায্য প্রদানের জন্য সভায় প্রস্তাব রাখেন। | জ. বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এর (৩) (ঘ) মোতাবেক ১ হতে ৭ নং আবেদনকারীকে ৫,০০০/-টাকা এবং ৮নং আবেদনকারীকে ৩,০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহিত হলো । | জ. উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া নাটোর। |

অপর পাতা/৭

| | | | | |
|---|---|---|---|---|
| | ঝ. ১নং পাঁকা ইউনিয়ন পরিষদে দফাদার নিয়োগ সংক্রান্ত। | ঝ. আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, গত ২৯ আগস্ট ২০২১ খ্রিঃ তারিখে এ কার্যালয়ের ৫৯২ নং স্মারকপত্র মোতাবেক পাঁকা ইউনিয়ন পরিষদর দফাদার নিয়োগের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি জারি করে দরখাস্ত আহবান করা হয়। তৎপ্রেক্ষিতে উক্ত পদের বিপরীতে মোট ১৬ (ষোল) জন প্রার্থী আবেদন করেন। প্রার্থী বাছাই ও সুপারিশ কমিটি তন্মধ্যে ১৩ (তের) টি আবেনদ গ্রহণ করেন এবং বাকি ০৩টি (তিন) টি আবেদনে কাগজপত্র এবং দাখিলকৃত তথ্য অসম্পূর্ণ হওয়ায় তা বাতিল করা হয়। উপস্থিত প্রার্থীদের শারিরীক ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা। পরীক্ষায় ০৫ জন বিচারক কর্তৃক প্রদত্ত সর্বোচ্চ ৬৭(সাতষট্টি) নম্বর পেয়ে জনাব মোঃ আবু বক্কার নির্বাচিত হন। নির্বাচিত প্রার্থী জনাব মোঃ আবু বক্কারকে নিয়োগের নিমিত্ত সভায় প্রস্তাব রাখেন এবং কোন কারণে নির্বাচিত ব্যক্তি চাকুরিতে যোগদান করতে ব্যর্থ হলে মেধাক্রম অনুয়ায়ী পরবর্তী ব্যক্তি চাকুরিতে যোগ্য বলে বিবেচিত হবে মর্মে সভায় প্রস্তাব রাখেন। | ঝ. বিস্তারিত আলোচনান্তে বিচারক কর্তৃক প্রদত্ত সর্বোচ্চ ৬৭( সাতষট্টি) নম্বর পাওয়ায় জনাব মোঃ আবু বক্কার কে ১নং পাঁকা ইউনিয়ন পরিষদের দফাদার হিসাবে নিয়োগ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হলো এবং কোন কারণে নির্বাচিত ব্যক্তি চাকুরিতে যোগদান করতে ব্যর্থ হলে মেধাক্রম অনুয়ায়ী পরবর্তী ব্যক্তি চাকুরিতে যোগ্য বলে বিবেচিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হলো। | ঝ. উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া নাটোর। |
| | ঞ. উপজেলা পরিষদের ড্রেন মেরামত/সংস্কার | ঞ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ আলোচনাকালে জানান যে, উপজেলা পরিষদের যুব উন্নয়ন অফিসের পিছন হতে উপজেলা মহিলা বিষয়ক অফিসের পিছন পর্যন্ত ড্রেন মেরামত/সংস্কার কাজ জরুরীভাবে সম্পন্ন করে ১৫,৯০০/-(ভাঃ নং-১) টাকার বিল ভাউচার দাখিল করা হয়েছে। উক্ত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের নিমিত্ত সভায় প্রস্তাব রাখেন। | ঞ. বিস্তারিত আলোচনান্তে দাখিলকৃত ১৫,৯০০/- টাকার বিল অনুমোদিত হলো এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে উক্ত বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হলো। | ঞ. উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া নাটোর। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(মোঃ অহিদুল ইসলাম গকুল)**
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাগাতিপাড়া, নাটোর।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাগাতিপাড়া,নাটোর।
www.bagatipara.natore.gov.bd

স্মারক নং- ৪৬.৪৩.৬৯০৯.০০০.০১.০০১.২০.০৮

তারিখঃ ২৯,পৌষ ১৪২৮ / ১৩ জানুয়ারি, ২০২২

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ-**

১। মাননীয় সংসদ সদস্য, ৫৮ নাটোর-১ (লালপুর-বাগাতিপাড়া)।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, নাটোর।
৪। উপজেলা -----------------------অফিসার, বাগাতিপাড়া, নাটোর।
৫। মেয়র, বাগাতিপাড়া পৌরসভা, বাগাতিপাড়া, নাটোর।
৬। চেয়ারম্যান, পাঁকা/জামনগর/বাগাতিপাড়া/দয়ারামপুর/ফাগুয়াড়দিয়াড় ইউ,পি, বাগাতিপাড়া, নাটোর।
৭। অফিস নথি।

**(প্রিয়াংকা দেবী পাল)**
উপজেলা নির্বাহী অফিসার
বাগাতিপাড়া, নাটোর
ফোন-০২৫৮৮৮-৭৫০০১
ই-মেইল- unobagatipara@mopa.gov.bd

## উপজেলা পরিষদের সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট "ক"

**উপজেলা পরিষদের জনপ্রতিনিধিগণঃ**

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ অহিদুল ইসলাম (গকুল), উপজেলা পরিষদ চেয়ারম্যান, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ০২ | জনাব মোসাঃ খোদিজা বেগম শাপলা, উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান, বাগাতিপাড়া, নাটোর | ,, |
| ০৩ | জনাব মোঃ আব্দুল হাদী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ০৪ | জনাব মোঃ নয়েজ মাহমুদ, চেয়ারম্যান ১ নং পাঁকা ইউ,পি, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ০৫ | মোঃ গোলাম রব্বানী, চেয়ারম্যান, চেয়ারম্যান ২ নং জামনগর ইউ,পি, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ০৬ | জনাব মোঃ মজিবুর রহমান, চেয়ারম্যান ৩ নং বাগাতিপাড়া ইউ,পি, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ০৭ | জনাব মোঃ মাহবুর ইসলাম মিঠু, চেয়ারম্যান, ৪ নং দয়ারামপুর ইউ,পি, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ০৮ | জনাব মোঃ এস এম লেলিন, চেয়ারম্যান, ৫ নং ফাগুয়াড়দিয়াড় ইউ,পি, বাগাতিপাড়া, নাটোর। | ,, |

**উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ**

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | জনাব প্রিয়াংকা দেবী পাল, উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ০২ | জনাব ডাঃ মোঃ আব্দুর রাজ্জাক, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ০৩ | জনাব মোঃ মোমরেজ আলী, উপজেলা কৃষি অফিসার, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ০৪ | জনাব মোঃ আজিজুর রহমান, উপজেলা প্রকৌশলী, বাগাতিপাড়া, নাটোর । | ,, |
| ০৫ | জনাব ডাঃ হোসাইন মোহাম্মদ রাকিবুল রহমান, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ০৬ | জনাব মোঃ বাবুল হোসেন, উপজেলা মৎস্য কর্মকর্তা, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ০৭ | জনাব ডাঃ খাজা ফেরদৌস, উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, বাগাতিপাড়া,নাটোর। | ,, |
| ০৮ | জনাব মোঃ রেজাউল করিম, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ০৯ | জনাব মোঃ রেজাউল করিম, উপজেলা সমাজ সেবা অফিসার, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ১০ | জনাব মোঃ আহাদ আলী, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ১১ | জনাব মোঃ আশরাফুল ইসলাম মন্ডল, উপজেলা শিক্ষা অফিসার. (ভারপ্রাপ্ত)বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ১২ | জনাব আব্দুল্লাহ আল মামুন, উপ-সহ কারী প্রকৌশলী, জন-স্বাস্থ্য প্রকৌশল অফিস, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ১৩ | জনাব মোঃ সোহেল রানা, উপজেলা যুব উন্নয়ন অফিসার,বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ১৪ | জনাব মোঃ নুরুন্নবী সরকার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকতা বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ১৫ | জনাব মোছাঃ শিরিন আখতার, উপজেলা মহিলা বিয়ষক কর্মকার্তা, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ১৬ | জনাব নির্মল কুমার মন্ডল, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ১৭ | জনাব খন্দকার সাজ্জাদ হোসেন, উপজেলা সমবায় অফিসার,বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ১৮ | জনাব মোঃ সোহেল রানা, উপজেলা প্রকল্প কর্মকর্তা(বিআরডিবি), বাগাতিপাড়া, নাটোর | ,, |
| ১৯ | জনাব এ্যামিজা আক্তার, উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ২০ | জনাব মোঃ শফিকুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ২১ | জনাব মোঃ মনজুর রহমান, এজিএম, সাবজোনাল অফিস, পল্লী বিদ্যুৎ সমিতি-১ বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ২২ | জনাব এ.বি.এম আব্দুল্লাহ, ভারপ্রাপ্ত কর্মকর্তা, এস.এফ.এন.টি.সি, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ২৩ | জনাব মোঃ জাকির হোসেন, উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা,বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ২৪ | জনাব, আলপনা খাতুন, উপজেলা উন্নয়ন সহায়ক (ইউডিএফ), ইউজিডিপি, বাগাতিপাড়া, নাটোর। | ,, |

## উপজেলা পরিষদের সভায় অনুপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট "খ"

**উপজেলা পরিষদের জনপ্রতিনিধিগণঃ**

| ক্রমিক নং | নাম ও পদবী |
|---|---|
| ০১ | জনাব মোঃ মোশাররফ হোসেন, মেয়র বাগাতিপাড়া পৌরসভা, বাগাতিপাড়া, নাটোর। |

---

**উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণঃ**

| ক্রমিক নং | নাম ও পদবী |
|---|---|
| ০১ | জনাব মোছাঃ শারমিন আক্তার, উপজেলা আনসার ও ভিডিপি অফিসার(ভারপ্রাপ্ত), বাগাতিপাড়া, নাটোর। |
| ০২ | জনাব অশিত কুমার পাল, উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার, বাগাতিপাড়া, নাটোর। |

---